# GOODRICKE GROUP LIMITED

Registered Office :
"Camellia House" 14, Gurusaday Road, Kolkata - 700 019
Telephone : 2287-3067, 2287-8737, 2287-1816
Fax No. (033) 2287-2577, 2287-7089
E-mail : goodricke@goodricke.com
visit us at : www.goodricke.com

CIN-L01132WB1977PLC031054


16th February, 2023

The Secretary
BSE Limited
Corporate Relationship Department
2nd Floor, New Trading Wing
Rotunda Building
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street
Mumbai – 400 001

**BSE Scrip Code : 500166**

Dear Sir/Madam

**Sub : Disclosure under Regulation 47 read with Regulation 30 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015 (Newspaper advertisement for postal ballot notice and remote e-voting information to members)**

Dear All,

In compliance with Regulation 47 read with Regulation 30 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed the copies of the Public Notice by way of newspaper advertisement published in National Level newspaper Business Standard, Kolkata / Mumbai edition and local newspaper Aajkal,(Kolkata) on 16th February, 2023, in compliance with the Ministry of Corporate Affairs Circular No. 20/2020 dated 5th May, 2020, in respect of the ongoing Postal Ballot process.

The same is also uploaded on the website of the Company and can be accessed at www.goodricke.com

Request you to take the above information on record.

Thanking you,

Yours faithfully,
**GOODRICKE GROUP LIMITED**

ARNAB CHAKRABORTY Digitally signed by ARNAB CHAKRABORTY Date: 2023.02.16 10:52:19 +05'30'

**A.CHAKRABORTY**
**COMPANY SECRETARY**
**FCS No. 8557**

Enc : As above.



সার্কিট হাউস যাওয়ার পথে রাস্তায় নেমে পড়লেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। মেদিনীপুরে। বুধবার। ছবি: স্বরূপ মণ্ডল

# সামাজিক উন্নয়ন, কর্মসংস্থানের বাজেট: বণিক সভা

তারিক হাসান

এবারের রাজ্য বাজেট কর্মসংস্থান, সামাজিক উন্নয়ন, নারী ক্ষমতায়নের বাজেট। বলছে বণিক সভাগুলি।

প্যাটন গ্রুপের এমডি সঞ্জয় বুধিয়া বলেছেন, এই বাজেটে কর্মসংস্থান, উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নের ওপর জোর দেওয়া হয়েছে। ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য নতুন পথ দেখানো হয়েছে। যা কর্মসংস্থানের পাশাপাশি আর্থিক উন্নয়নে গতি আনবে। এই বাজেটে যে সব উন্নয়ন কার্যক্রম নেওয়া হয়েছে তা রাজ্যের প্রতিটি নাগরিককে সুবিধা দিয়েছে। এর মধ্যে বেশ কয়েকটি আন্তর্জাতিকভাবে প্রশংসা পেয়েছে। আমি জনমুখী, কর্মসংস্থানমুখী বাজেটের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে ধন্যবাদ জানাচ্ছি।

এক বিবৃতিতে বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিসিসিঅ্যান্ডআই)–র ইকনমিক অ্যাফেয়ার্স কমিটির চেয়ারপার্সন ড. অজিতাভ রায়চৌধুরি এবং কো–চেয়ারপার্সন বিবেক জালান জানিয়েছেন, জিডিপি উন্নয়নের নিরিখে পশ্চিমবঙ্গ দ্রুততম। এই বাজেটে কর্মসংস্থানের ওপর জোর দেওয়া হয়েছে। একই সঙ্গে সামাজিক উন্নয়নেও জোর দেওয়া হয়েছে।

ভারত চেম্বার অফ কমার্স, কলকাতার প্রেসিডেন্ট এন জি খৈতান বলেছেন, সময়োপযোগী, প্রগতিশীল বাজেট। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক উন্নয়নের পাশাপাশি শিশু ও নারীর ক্ষমতায়ন এবং প্রান্তিক মানুষের উন্নয়নের ওপর জোর দিয়েছেন। রাজ্যের ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ৭.৮। যা জাতীয় গড় ৫ শতাংশ থেকে অনেকটাই বেশি। যা উৎপাদন শিল্পের জন্য যথেষ্ট উৎসাহদায়ক। চা–শিল্পে কৃষি আয়কর প্রত্যাহার, স্ট্যাম্প ডিউটিতে ৬ মাসের জন্য ছাড়, 'ভবিষ্যৎ ক্রেডিট কার্ড' আমজনতা এবং যুবসম্প্রদায়কে উৎসাহিত করবে।

ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট মেহুল মোহাঙ্কা জানিয়েছেন, তরুণ উদ্যোগপতিদের জন্য রাজ্য সরকার ৩৫০ কোটি টাকার যে স্টার্টআপ প্রকল্প নিয়েছে তা উন্নয়নে গতি আনবে।



# তথ্য কমিশনার বীরেন্দ্র

আজকালের প্রতিবেদন

তথ্য কমিশনার হলেন প্রাক্তন ডিজি বীরেন্দ্র। তিনি এক সময় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নিরাপত্তার দায়িত্বে ছিলেন। বুধবার বিধানসভায় মুখ্যমন্ত্রীর ঘরে তথ্য কমিশনার ঠিক করার জন্য বৈঠক ডাকা হয়। বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকেও থাকতে বলা হয়। তার কারণ, তথ্য কমিশনার নির্বাচন করতে যে কমিটি রয়েছে, তাতে বিরোধী দলনেতা রয়েছেন। এছাড়া, মুখ্যমন্ত্রী ও পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় আছেন। বাজেট পেশের আগে এই বৈঠকটি করে নেন মুখ্যমন্ত্রী। বীরেন্দ্রর নাম ঠিক করে রাজ্যপালের কাছে মনোনয়নের জন্য পাঠিয়ে দেন। বিরোধী দলনেতা বৈঠক শুরুর ঠিক ১০ মিনিট আগে চিঠি পাঠিয়ে বলেছেন, আমি যেতে পারছি না। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, বিরোধী দলকে কয়েকদিন আগেই বৈঠকের দিন জানানো হয়েছিল। বিরোধী দলনেতা কেন এলেন না, তা জানা গেল না। তবে তথ্য কমিশনারের পদটি খুবই গুরুত্বপূর্ণ। এলে ভাল করতেন।

# নন্দিনী হলেন পর্যটন দপ্তরের প্রধান সচিব

আজকালের প্রতিবেদন



নন্দিনী চক্রবর্তী

রাজ্যপালের প্রধান সচিব নন্দিনী চক্রবর্তীকে পর্যটন দপ্তরের প্রধান সচিবের দায়িত্ব দেওয়া হল। বুধবার কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তাঁর জায়গায় এই মুহূর্তে কাউকে দায়িত্ব দেওয়া হয়নি। পর্যটন দপ্তরের এখনকার সচিব সৌমিত্র মোহনকেও অন্য কোনও দপ্তরে দায়িত্ব দেওয়া হয়নি। নবান্ন সূত্রে খবর, দু–একদিনের মধ্যেই সচিব স্তরে রদবদল হবে। ১৯৯৪ সালের আইএএস নন্দিনী চক্রবর্তীকে কিছুদিন আগেই রাজভবনে প্রধান সচিব পদে দায়িত্ব দেওয়া হয়েছিল। রাজভবন সূত্রে খবর, রাজ্যপাল সি ভি আনন্দ বোস তাঁকে ওই পদ থেকে অব্যাহতি দিতে চেয়েছিলেন। রাজ্য তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ এ প্রসঙ্গে বলেন, 'দলের পক্ষ থেকে এই বিষয় নিয়ে কোনও মন্তব্য করব না। তবে সংবাদমাধ্যমে রাজ্যপালের সচিবকে অপসারণ নিয়ে যে সব খবর বেরিয়েছে তা যদি সত্যি হয়, তাহলে বলতে হবে, একজন মহিলা দক্ষ এবং যোগ্য আইএএস–কে রাজভবন থেকে অপমানজনকভাবে অব্যাহতি দেওয়া হল। রাজ্যপাল রীতি–বহির্ভূতভাবে অন্য রাজ্যের অবসরপ্রাপ্ত আমলা এনে উপদেষ্টামণ্ডলী করছেন। আর তাতে পদ্ধতিগত কারণে আপত্তি তোলার জন্য রাজভবন নন্দিনীকে সরাতে চাইল, এটা হয়ে থাকলে অনভিপ্রেত ঘটনা। এটা রাজ্যপাল না করলেই পারতেন।

# প্রাথমিকের ষষ্ঠ পর্যায়ের ইন্টারভিউ

**আজকালের প্রতিবেদন:** প্রাথমিকে শিক্ষক নিয়োগের ষষ্ঠ পর্যায়ের ইন্টারভিউয়ের দিন ঘোষণা করল প্রাথমিক শিক্ষা পর্ষদ। এই দফায় পূর্ব বর্ধমান জেলার চাকরিপ্রার্থীদের ইন্টারভিউ হবে। ইন্টারভিউ হবে ২৩, ২৪, ২৭ ও ২৮ ফেব্রুয়ারি এবং ১ মার্চ। ইন্টারভিউয়ের জন্য টেট–এর অ্যাডমিট কার্ড, শংসাপত্র, ভোটার বা আধার কার্ড–সহ ১৬টি তথ্য নিয়ে পর্ষদের দপ্তরে যেতে হবে। ইন্টারভিউয়ের জন্য 'কল লেটার' নিয়োগ সংক্রান্ত পোর্টালে গিয়ে https://www.wbbpeonline.com/dashboard– এই ওয়েবসাইটের মাধ্যমে ডাউনলোড করতে হবে।

# মমতা অপ্রতিরোধ্য

● ১ পাতার পর

রাজ্যের ১.৮৮ কোটি মহিলাকে এর আওতায় ইতিমধ্যে আনা হয়েছে। রাজ্যের নতুন প্রকল্পে সংযোজিত হয়েছে মৎস্যজীবীদের সহায়তার কথাও। 'মৎস্যজীবী বন্ধু' নামে মৃত্যুজনিত ক্ষতিপূরণ বাবদ নতুন প্রকল্প চালু করা হল। এই খাতে ১৮ থেকে ৬০ বছর বয়স পর্যন্ত কোনও মৎস্যজীবীর দুর্ঘটনা বা অকাল মৃত্যুতে তাঁদের পরিবারের হাতে এককালীন ২ লক্ষ টাকা তুলে দেওয়া হবে। এজন্য ৩০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বাজেটে। যুবসমাজের জন্য নতুন প্রকল্প 'ভবিষ্যৎ ক্রেডিট কার্ড' শুরু হতে চলেছে। স্বনিযুক্তিমূলক কর্মে ক্ষুদ্র উদ্যোগীদের আর্থিক সাহায্যে সর্বাধিক ৫ লক্ষ টাকা পর্যন্ত ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করবে সরকার। আশা করা হচ্ছে, এর ফলে কর্মসংস্থানের সুযোগ বাড়বে। প্রকল্প ব্যয়ের ১০ শতাংশ অর্থ মার্জিন মানি হিসেবে ২৫ হাজার টাকা ভর্তুকি দেওয়া হবে। এ ছাড়াও ১৫ শতাংশ পর্যন্ত গ্যারান্টি দেবে রাজ্য সরকার।

রাজ্যে তৃণমূল সরকার ক্ষমতায় আসার পর থেকেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কর্মসংস্থানে জোর দিয়েছেন। সেই লক্ষ্যে শিল্প ও পরিকাঠামো গড়ে তুলতে জোর দেওয়া হচ্ছে গোটা রাজ্যে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সঙ্গে ভারীশিল্পের সঙ্গে যুক্ত শিল্পপতিদেরও লগ্নি করতে আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিশ্ব বাণিজ্য সম্মেলনে। বাজেটেও দেখা যাচ্ছে 'ইন্ডাস্ট্রিয়াল হাবস' গড়ে তোলার লক্ষ্যে সরকারের বেশ কিছু সুনির্দিষ্ট পরিকল্পনা। বানতলা লেদার কমপ্লেক্সের মতো উদাহরণ দিয়ে অর্থমন্ত্রী জানিয়েছেন, ইতিমধ্যে ৩ লক্ষ কর্মসংস্থান হয়েছে সেখানে। আরও আড়াই লক্ষ কর্মসংস্থান হবে আগামী দু'বছরে। হলদিয়া, ডানকুনি, রঘুনাথপুর, কল্যাণীকে ঘিরে ৩টি প্রধান ইন্ডাস্ট্রিয়াল ও ইকনমিক করিডরের ফলে আশপাশে শিল্পাঞ্চল, লজিস্টিক পার্ক, উপনগরীর যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে বলে আশা করা হয়েছে বাজেটে। স্বভাবতই এই শিল্প ও আর্থিক করিডরের কাজ শেষ হলে আর্থসামাজিক উন্নয়নে জোয়ার আসবে কর্মসংস্থানের মাধ্যমে। রাজ্যের দেউচা–পাঁচামি, রঘুনাথপুরের 'জঙ্গল সুন্দরী শিল্পনগরী' প্রকল্পেও ৭২ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব রয়েছে বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী।

বাজেট বক্তৃতায় তিনি আরও জানিয়েছেন, রাজ্যের নিজস্ব রাজস্ব আদায় ধারাবাহিকভাবে বৃদ্ধি হয়েছে। যা মূলত জিএসটি, বিক্রয় কর, স্ট্যাম্প ডিউটি, আবগারি, ভূমিরাজস্ব ও পরিবহণ থেকে বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, রাজ্য সরকার বিশেষ নীতি নেওয়ার ফলে ৭০ থেকে ৯৫ শতাংশে উন্নীত হয়েছে জিএসটি। সারা দেশে জাতীয় গড়ের থেকে অনেক বেশি। কিন্তু জিএসটি ক্ষতিপূরণের সময়সীমা ৩ থেকে ৫ বছর বৃদ্ধির প্রস্তাব কেন্দ্র কর্ণপাত করেনি বলে অভিযোগ অর্থমন্ত্রীর। রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গিতে গ্রামীণ মানুষের অর্থনৈতিক ও পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব অনেক বেশি। কেননা পরিসংখ্যান বলছে, দেশের জনসংখ্যার ৬৫ শতাংশ মানুষ গ্রামে থাকেন। এবারে কেন্দ্রীয় বাজেটে এই খাতে নির্মমভাবে কাটছাঁট করা হয়েছে বলে অভিযোগ অর্থমন্ত্রীর।

গ্রামীণ সড়ক উন্নয়নে গুরুত্ব দিয়ে 'রাস্তাশ্রী' নামে একটি বিশেষ প্রকল্প ঘোষণা করা হয়েছে এই বাজেটে। এই প্রকল্পের আওতায় ১১,৫০০ কিমি গ্রামীণ রাস্তার কাজ হাতে নেওয়া হবে। এজন্য ৩ হাজার কোটি টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে। চা–বাগানেও শ্রমিকদের জমির স্বত্বাধিকার দেওয়া হচ্ছে। সব চা–বাগান কর্মীদের স্থায়ী বাসস্থানের জন্য পাট্টার অধিকার দেওয়া হবে।

এবারের বাজেটে আরও একটি গুরুত্বপূর্ণ দিক হল 'বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প'। এই কর্মসূচিতে বছরে ৬০ লক্ষ থেকে ৭০ লক্ষ টাকা দেওয়া হবে বিধায়কদের। তাঁদের এলাকার উন্নয়নে এই টাকা খরচ করতে পারবেন। এই খাতে ৩০ কোটি টাকা রাখা হয়েছে বাজেটে। ইতিমধ্যে কৃষিজমির খাজনা ও মিউটেশন ফি ছাড় দিয়েছে রাজ্য সরকার। এবারে কৃষিকাজে ব্যবহৃত জলের ওপর প্রদেয় কর পুরোটাই মকুব করা হয়েছে। অর্থমন্ত্রী আশা প্রকাশ করেছেন, স্ট্যাম্প ডিউটি এবং সংশ্লিষ্ট করদাতাদের বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত প্রস্তাবের ফলে করদাতারা যেমন উপকৃত হবেন, তেমনই সরকারেরও অতিরিক্ত রাজস্ব আদায় হবে। 'মানুষই গণদেবতা'— বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির এই উক্তিকে মনে করিয়ে দিয়ে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এদিন বলেছেন, রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে আগামী দিনে বিপুল কর্মসংস্থানের সৃষ্টি হবে। চলতি আর্থিক বছরের জন্য তাই ৩,৩৯,১৬২ কোটি টাকা (নিট) বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

# কেন্দ্রের কাজ রাজ্য করছে

● ১ পাতার পর

অমিত মিত্র অর্থনীতি–বিশেষজ্ঞ। রাজ্য বাজেটের তিনি চুলচেরা বিশ্লেষণ করবেন, সেটাই দস্তুর। সেই সঙ্গে কেন্দ্রের বাজেটের সঙ্গে তুলনামূলক ব্যাখ্যাও দেন এদিন তিনি। কেন্দ্রীয় বঞ্চনা প্রসঙ্গে চন্দ্রিমা ভট্টাচার্যের অভিযোগকে মান্যতা দিয়েও জানিয়ে দেন, আরও অনেক ক্ষেত্রে কৌশলে রাজ্যকে বঞ্চিত করে চলেছে কেন্দ্র। এদিন বাজেটের তুলনামূলক আলোচনা করে ড. অমিত মিত্র বলেন, কেন্দ্রীয় বাজেটে যেখানে ফিসক্যাল ডেফিসিট ৫.৯ শতাংশ, সেখানে রাজ্যে তা ৩.৮৫ শতাংশ। রেভিনিউ ডেফিসিট যেখানে কেন্দ্রীয় বাজেটে ২.৯ শতাংশ, সেখানে রাজ্য বাজেটে তা ১.৮ শতাংশ। যা কেন্দ্রীয় বাজেটে করার কথা, তা রাজ্য বাজেটে করে দেখিয়েছে এই সরকার। বলেন, বার্ষিক অভ্যন্তরীণ গড় উৎপাদনের চিত্রেও কেন্দ্রীয় বাজেটের তুলনায় এগিয়ে রাজ্য বাজেট। কেন্দ্রে রাজ্যের পাওনা রেভিনিউ ডেফিসিট গ্র্যান্ট ৫,২৩৪ কোটি টাকা কমিয়ে দিয়েছে। পুরোটাই রাজ্য অর্থনীতির ক্ষতি। তিনি বলেন, সরাসরি বঞ্চনা তো আছেই, ঘুরপথেও রাজ্যকে বঞ্চনা করছে কেন্দ্র। বলেন, কেন্দ্রীয় সরকার বিভিন্ন উৎপাদিত পণ্যে এখন কর কমিয়ে দিয়ে সেস ও সারচার্জ বাড়িয়ে দিচ্ছে। কর হলে সংগ্রহের ৪১ শতাংশ রাজ্যকে দিতে হত। সেস বা সারচার্জে এক পয়সাও দিতে হবে না। পেট্রোলে ৯২.৯২ শতাংশ সেস। ডিজেলে ৮৮.৬১ শতাংশ সেস। যার একটা টাকাও রাজ্য পাবে না। পুরোটাই নেবে কেন্দ্রীয় সরকার। এই সমস্ত সরাসরি বা কৌশলগত বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার যে কর্মসংস্থানমুখী বাজেট পেশ করেছে, তা সত্যিই প্রশংসনীয়। তিনি বলেন, এই বাজেটে বরাদ্দের ৬০.৪৪ শতাংশই সামাজিক উন্নয়ন খাতে রাখা হয়েছে। গ্রামীণ এলাকার অর্থনৈতিক উন্নয়নে জোর দেওয়া হয়েছে। কৃষিতে বরাদ্দ বেড়েছে ২৪.৭৫ শতাংশ। কৃষি–সহায়ক খাতেও বেড়েছে বরাদ্দ। বরাদ্দ বেড়েছে স্বাস্থ্যখাতেও। তিনি বলেন, এত বঞ্চনা সত্ত্বেও সামাজিক সংস্কারমূলক প্রকল্পে বরাদ্দ বাড়ানো মুখের কথা নয়, এটা সরকারের জনমুখী দৃষ্টিভঙ্গিকেই তুলে ধরে।



ড. অমিত মিত্র

# চাকরি বাতিলের প্রভাব মাধ্যমিকের ৪০০ কেন্দ্রে

আজকালের প্রতিবেদন

নিয়োগে অনিয়মের জেরে ১৯১১ জন গ্রুপ ডি শিক্ষাকর্মীর চাকরি বাতিলের প্রভাব সব মিলিয়ে মাধ্যমিকের ৪০০টি পরীক্ষা কেন্দ্রে পড়েছে। চাকরি বাতিলের ফলে কোন কোন ভেন্যু বা কেন্দ্র থেকে কোন শিক্ষাকর্মীর পদটি ফাঁকা হয়ে গেল তার তালিকা সমেত বিজ্ঞপ্তি জারি করল মধ্যশিক্ষা পর্ষদ। প্রতিটি জেলার ডিআইদের উদ্দেশে জারি করা ওই নির্দেশিকায় বলা হয়েছে, চাকরি বাতিলের ফলে এই ৪০০টি ভেন্যু বা কেন্দ্রে শিক্ষাকর্মী না থাকার ফলে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে যাতে কোনও সমস্যা না হয়, সে ব্যাপারে যেন প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়। এই কেন্দ্রগুলির আশেপাশের স্কুল, যেখানে মাধ্যমিক পরীক্ষা হচ্ছে না, সেখান থেকে শিক্ষাকর্মীদের এই কেন্দ্রগুলিতে পরীক্ষার দিনগুলোয় নিযুক্ত করার কথা বলা হয়েছে। অনেক কেন্দ্র থেকে ১ জন, কোথাও আবার ২ জন শিক্ষাকর্মীর চাকরি বাতিল হয়েছে। পুরো প্রক্রিয়াটির রিপোর্ট পর্ষদকে সংশ্লিষ্ট আঞ্চলিক দপ্তরের মাধ্যমে ডিআইরা জানাবেন। ২৩ ফেব্রুয়ারি ২৮৬৭টি কেন্দ্রে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে।


পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগ দ্বারা রূপায়িত
পুরুলিয়ার বলরামপুর, আড়ষা ও নিতুড়িয়া ব্লকে
নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের শুভ উদ্বোধন করবেন
মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়



পানরাদ্দা নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প:
অনুমোদিত ব্যয়– ৪৫.৫৬ কোটি টাকা
উপকৃত হবেন– ৫৪,৪৮১ জন
আড়ষা নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প:
অনুমোদিত ব্যয়– ৬.৩২ কোটি টাকা
উপকৃত হবেন– ২৩,৩৯২ জন
রায়বাঁধ নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প:
অনুমোদিত ব্যয়– ৩০.৬৪ কোটি টাকা
উপকৃত হবেন– ৩১,৬২২ জন

তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২৩ | সময়: দুপুর ১টা
স্থান: হুটমুড়া গ্রাউন্ড, পুরুলিয়া

ICA-D350(13)/2023
জনস্বাস্থ্য কারিগরি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার



## কলকাতা পৌরসংস্থা – বিজ্ঞপ্তি

**আগামী ২০শে ফেব্রুয়ারী শান্তিসংঘ বিদ্যালয় প্রাঙ্গন সন্নিকটে ৪০টি আবাসন লটারির মাধ্যমে বন্টনের অনুষ্ঠান**

পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সহযোগিতায় ও কলকাতা পৌরসংস্থার তত্বাবধানে বস্তিবাসীদের গৃহ উন্নয়নের জন্য শান্তিসংঘ বিদ্যালয়ের সন্নিকটে ৮০টি আবাসনের নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে। উক্ত ৮০টি আবাসনের মধ্যে ৪০টি আবাসন লটারীর মাধ্যমে বস্তিবাসীদের মধ্যে বন্টনের ব্যবস্থা করা হয়েছিল ২৯.০১.২০২২ তারিখে শনিবার, বিকেল ৪টে, স্থান – শান্তিসংঘ বিদ্যালয় প্রাঙ্গন।

অবশিষ্ট ৪০টি আবাসন লটারীর মাধ্যমে বন্টনের ব্যবস্থা করা হয়েছে ২০.০২.২০২৩ তারিখে সোমবার, বিকাল ৪টে, স্থান – উক্ত আবাসন প্রাঙ্গনে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন শ্রীমতি সংহিতা দাস মহাশয়া, (মাননীয়া বরো চেয়ারম্যান, বোরো – ১৪ এবং পৌর প্রতিনিধি ওয়ার্ড – ১২৯) এবং শ্রীমতি সঞ্চিতা মিত্র (মাননীয়া পৌর প্রতিনিধি, ওয়ার্ড – ১৩২)।

অনুষ্ঠানটির সভাপতিত্ব করবেন শ্রীমতি রত্না চ্যাটার্জী, বিধায়িকা বেহালা পূর্ব ও মাননীয়া পৌর প্রতিনিধি, ওয়ার্ড – ১৩১।

এই অনুষ্ঠানে আপনার সানুগ্রহ উপস্থিতি একান্তভাবে কাম্য।

1090/22-23



## গুডরিক গ্রুপ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: 'ক্যামেলিয়া হাউস',
১৪, গুরুসদয় রোড, কলকাতা–৭০০ ০১৯
ই–মেল: goodricke@goodricke.com; ওয়েবসাইট: www.goodricke.com
ফোন নম্বর: ২২৮৭ ৩০৬৭, ২২৮৭ ৮৭৩৭, ২২৮৭ ১৮১৬ ফ্যাক্স নম্বর: (০৩৩) ২২৮৭ ২৫৭৭, ২২৮৭ ৭০৮৯;
CIN: L01132WB1977PLC031054

**কোম্পানির সদস্যদের অবগতির জন্য পোস্টাল ব্যালট নোটিস**

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে গুডরিক গ্রুপ লিমিটেড (কোম্পানি) ২ফেব্রুয়ারি ২০২৩–এর পোস্টাল ব্যালট নোটিসে বর্ণিত বিশেষ প্রস্তাবে পোস্টাল ব্যালটের দ্বারা বৈদুতিন ভোটিং (ই ভোটিং) মাধ্যমে সদস্যদের অনুমোদন নিতে চায়।

সদস্যদের অবগতির জন্য জানানো হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট)–এর ১১০ ও ১০৮ পঠনীয় ধারা কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ এর রুল ২০ ও ২২, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ) দ্বারা জারিকৃত সার্কুলার, সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস ২০১৫–এর রেগুলেশন ৪৪ (লিস্টিং রেগুলেশনস) ও ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া (আইসিএসআই) দ্বারা জারি সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস অন জেনারেল মিটিং (এসএস–২) ও প্রযোজ্য সংশোধনী মাফিক ২ ফেব্রুয়ারি ২০২৩–এর পোস্টাল ব্যালট নোটিসে ও ব্যাখা বিবৃতিতে (নোটিস) বর্ণিত বিশেষ প্রস্তাবে বৈদুতিন ভোটিং (রিমোট ই ভোটিং) মাধ্যমে সদস্যদের অনুমোদন নিতে চায়।

সদস্যদের জানানো হচ্ছে যে :

ক) উক্ত শর্তাদি ও এমসিএ সার্কুলার মাফিক ২ ফেব্রুয়ারি ২০২৩–এর পোস্টাল ব্যালট নোটিস ও ব্যাখা বিবৃতি বৈদুতিনভাবে সকল সদস্যের ১৫ফেব্রুয়ারি ২০২৩–এ পাঠানো হয়েছে, যে সকল সদস্যের ই–মেল আইডি শুক্রবার, ১০ ফেব্রুয়ারি ২০২৩–এ কোম্পানি / ডিপোজিটরির কাছে নিবন্ধীকৃত রয়েছে।

খ) **ই ভোটিং শুরু বৃহস্পতিবার, ১৬ ফেব্রুয়ারি ২০২৩–এ বেলা ৯.০০ টায় (ভা.স)।**

গ) **ই ভোটিং শেষ শুক্রবার, ১৭ মার্চ ২০২৩–এ বেলা ৫.০০ টায় (ভা.স)**। এরপর ই ভোটিং বন্ধ করা হবে।

ঘ) নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, ১০ ফেব্রুয়ারি ২০২৩ অনুযায়ী যে ব্যক্তির নাম সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরির সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকাভুক্ত থাকবে, কেবলমাত্র তাঁরাই রিমোট ই–ভোটিংয়ের অনুমতি পাবেন।

ঙ) রিমোট ই–ভোটিংয়ের বিশদ পাবেন নোটিসের নোটসে।

চ) কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস রিমোট ই ভোটিং পদ্ধতিতে পোস্টাল ব্যালট–এর মাধ্যমে ভোটদান স্বচ্ছ ও মসৃণভাবে করার জন্য মি. অঞ্জন কুমার রায়, কর্মরত কোম্পানি সচিব (এফ সি এস নং ৫৬৮৪ মেঃ অঞ্জন কুমার রায় অ্যান্ড কোং) কে পরীক্ষক নিযুক্ত করেছে।

ছ) নোটিস না পেলে সদস্য লিখুন: **rta@cbmsl.com**-এ, বা ডাউনলোড করুন কোম্পানির ওয়েবসাইট: **www.goodricke.com** থেকে।

জ) ইলেকট্রনিক উপায়ে ভোটদান সংক্রান্ত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী সদস্যদের **www.evoting.nsdl.com** ওয়েবসাইটের ডাউনলোড সেকশনে Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholdres অংশটি দেখতে অনুরোধ করা হচ্ছে অথবা ১৮০০–২২২–৯৯০ বা ১৮০০ ২২৪ ৪৩০ টোল ফ্রি নম্বরে কথা বলতে পারেন অথবা **evoting@nsdl.co.in** আইডি–তে ই–মেল পাঠাতে পারেন।

ঝ) ই ভোটিং বিষয়ে প্রশ্নের ব্যাখ্যা পেতে বা অভিযোগ জানাতে আগ্রহীরা কথা বলুন মিঃ সুজিত সেনগুপ্ত, সিনিওর ম্যানেজার ও কমপ্লায়েন্স অফিসার, সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, পি–২২, বন্ডেল রোড, কলকাতা ৭০০০১৯, ফোন নং ০৩৩ ৪০১১ ৬৭২৮/৬৭০০/৬৭৩৯।

ঞ) কোম্পানির ওয়েবসাইট **www.goodricke.com**, শেয়ার ভুক্তির বিএসই লিমিটেডের ওয়েবসাইট **www.bseindia.com** এবং এনএসডিএল–এর ওয়েবসাইট **www.evoting.nsdl.com**–তেও এই সম্পর্কিত তথ্য এবং উক্ত সভার নোটিস উপলব্ধ রয়েছে।

ট) পোস্টাল ব্যালট ফলাফল প্রকাশিত হবে শনিবার, ১৮ মার্চ ২০২৩–এর মধ্যে ও পরীক্ষক রিপোর্ট সহ প্রকাশিত হবে কোম্পানির ওয়েবসাইট **www.goodricke.com**–এ ও এনএসডিএল–এর ওয়েবসাইটে। বিএসই লিমিটেডের কাছেও তা জানানো হবে।

বোর্ডের আদেশানুসারে
গুডরিক গ্রুপ লিমিটেড–এর পক্ষে
অর্ণব চক্রবর্তী
কোম্পানি সেক্রেটারি
এমই নং. এফ সি এস ৮৫৫৭

তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২৩
স্থান: কলকাতা



দ্বাবিংশ নাট্যমেলা
১৬ - ২৬ ফেব্রুয়ারি, ২০২৩
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার



শুভ উদ্বোধন
রবীন্দ্রসদন | ১৬ ফেব্রুয়ারি, ২০২৩ | বিকেল ৫টা
উদ্বোধক
শ্রী স্নেহাশিস চক্রবর্তী
মাননীয় মন্ত্রী, পরিবহন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
বিশেষ অতিথিবৃন্দ
শ্রী ব্রাত্য বসু
মাননীয় মন্ত্রী, বিদ্যালয় শিক্ষা ও উচ্চশিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
শ্রী ইন্দ্রনীল সেন
মাননীয় রাষ্ট্রমন্ত্রী, তথ্য ও সংস্কৃতি বিভাগ এবং কারিগরী শিক্ষা বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) পশ্চিমবঙ্গ সরকার
সম্মাননীয় অতিথিবৃন্দ
শ্রী শান্তনু বসু, আই. এ. এস
সচিব, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
শ্রী মেঘনাদ ভট্টাচার্য্য
বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব এবং সদস্য, পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি
অনুষ্ঠানের সভাপতি
শ্রী দেবশঙ্কর হালদার
বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব এবং সভাপতি, পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি
উদ্বোধনী নাটক - হ্যামলেট, পরিবেশনায় - স্বপ্নসন্ধানী

কলকাতা পর্যায় (১৬ - ২৬ ফেব্রুয়ারি, ২০২৩)
রবীন্দ্রসদন, মধুসূদন মঞ্চ, গিরিশ মঞ্চ, রবীন্দ্রতীর্থ (নিউটাউন)
শিশির মঞ্চ, মিনার্ভা থিয়েটার, তৃপ্তি মিত্র নাট্যগৃহ

জেলা পর্যায়
কোচবিহার রবীন্দ্রভবন (১০ - ১৫ মার্চ ২০২৩), চন্দননগর রবীন্দ্রভবন (১২ - ১৭ মার্চ ২০২৩)
অশোকনগর শহিদসদন, বাঁকুড়া রবীন্দ্রভবন ,বহরমপুর রবীন্দ্রসদন (১৩-১৮ মার্চ ২০২৩)

(বি: দ্র: কলকাতায় রবীন্দ্রসদনে ১৬ ফেব্রুয়ারি থেকে নাটক দেখা যাবে, কলকাতার অন্যান্য প্রেক্ষাগৃহে ১৭ ফেব্রুয়ারি থেকে )

সবার সাদর আমন্ত্রণ

ICA-D351(5)/2023